



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (এইচএসটিটিআই)
কুয়েট রোড, খুলনা-৯২০৩।
ইমেইল-hsttikhulna@yahoo.com
ওয়েবসাইট-www.hstti.khulna.gov.bd

স্মারক নং-উমাশিপ্রইখু/প্রনি-৫৪৩(৫)/২০২০/২১১

তারিখ: ১৩/১১/২০২৫ খ্রি.

প্রাপক : অধ্যক্ষ

.....কলেজ।

বিষয়: ২৭ দিন ব্যাপি উচ্চ মাধ্যমিক স্তরের কলেজ শিক্ষকদের ৯৭ তম আইসিটি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ।

অত্র ইনস্টিটিউটে ১৯/১১/২০২৫ খ্রি. থেকে ১৫/১২/২০২৫ খ্রি. পর্যন্ত অনুষ্ঠেয় ২৭ দিন ব্যাপি উচ্চ মাধ্যমিক স্তরের কলেজ শিক্ষকদের ৯৭ তম আইসিটি বিষয়ক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য আপনার কলেজ থেকে ব্যক্তিগত অথবা প্রতিষ্ঠানের ল্যাপটপ, মডেম, পেনড্রাইভ সংগে আনতে পারবে আছে এমন ০১ (এক) জন শিক্ষককে মনোনয়ন দেওয়ার জন্য অনুরোধ জানানো হলো।


প্রশিক্ষণে অংশগ্রহণ করতে ইচ্ছুক শিক্ষককে নিম্নে প্রদত্ত গুগল ফরমের লিংকের মাধ্যমে অথবা অত্র প্রতিষ্ঠানের ওয়েবসাইটে (www.hstti.khulna.gov.bd) প্রবেশ করে প্রদত্ত লিংকের মাধ্যমে আগামী ১৬/১১/২০২৫ তারিখের মধ্যে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। গুগল ফরমের মাধ্যমে রেজিস্ট্রেশন, প্রশিক্ষণার্থীর চূড়ান্ত মনোনয়ন নিশ্চিত করে না। ১৭/১১/২০২৫ তারিখে মনোনীত প্রশিক্ষণার্থীদের চূড়ান্ত তালিকা অত্র প্রতিষ্ঠানের ওয়েবসাইটে (www.hstti.khulna.gov.bd) প্রকাশ করা হবে।

মনোনীত শিক্ষক আগামী ১৮/১১/২০২৫ খ্রি. তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে ইনস্টিটিউটের হোস্টেল সুপারের নিকট উপস্থিতির রিপোর্ট করবেন। ১৯/১১/২০২৫ খ্রি. তারিখ সকাল ০৯:০০ টায় প্রশাসনিক কাম একাডেমিক ভবন কক্ষ নং ২০৬-এ রেজিস্ট্রেশনের সময় তিনি কলেজের অধ্যক্ষ প্রদত্ত ছাড়পত্র, দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, এনআইডি এর ফটোকপি অবশ্যই জমা দেবেন। প্রয়োজনীয় তথ্য সংগ্রহের জন্য জনাব সৈয়দ মনিরুজ্জামান, উপ পরিচালক, (প্রধান কোর্স সমন্বয়কারী, মোবাইল নং-০১৯৯৩-৯০৭৯৮৮), জনাব সমীর কুমার মুখার্জী, সহকারী পরিচালক, (কোর্স সমন্বয়কারী, মোবাইল নং-০১৭১৮৭০৪৩৫০) এবং জনাব মুহাম্মদ আব্দুল্লাহ, সহকারী পরিচালক, (কোর্স সমন্বয়কারী, মোবাইল নং-০১৯১৪-৯৬৯২১৩) এর সাথে যোগাযোগ করবেন। ইতোপূর্বে এইচএসটিটিআই, খুলনা থেকে বিগত তিন বছরের মধ্যে উক্ত বিষয়ে প্রশিক্ষণ গ্রহণকারীদের ক্ষেত্রে এই মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

উল্লেখ্য, প্রতিষ্ঠানের ইআইআইএন, নিজের ইনডেক্স নং ও চাকুরিতে প্রথম যোগদানের তারিখ রেজিস্ট্রেশন ফরম পূরণের সময় লিপিবদ্ধ করতে হবে। প্রশিক্ষণকালে বিল প্রাপ্তির পূর্ব পর্যন্ত প্রাথমিক ব্যয় নির্বাহের জন্য মনোনীত শিক্ষককে কমপক্ষে ৫,০০০/= (পাঁচ হাজার) টাকা সঙ্গে আনতে হবে। যাদের বয়স ৫৭বছর পূর্ণ হয়েছে তাদের প্রশিক্ষণে অংশ গ্রহণের প্রয়োজন নাই। রেজিস্ট্রেশন সম্পন্ন করতে এই লিংকটি ক্লিক করুন-

<https://forms.gle/dEBYQftrFJ53Xva7A>

বৈষমহীন বাংলাদেশ বিনির্মাণে অনলাইনে আবেদন ব্যতিত কোন প্রকার ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ নেই।


(প্রফেসর ড. শেখ মোহতামুল হক)
পরিচালক (ভারপ্রাপ্ত)
এইচএসটিটিআই, খুলনা।

তারিখ: ১৩/১১/২০২৪ খ্রি.

স্মারক নং-উমাশিপ্রইখু/প্রনি-৫৪৩(৫)/২০২০/ ২১১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি ও ওয়েবসাইট, এইচএসটিটিআই, খুলনা।
- ৪। সংরক্ষণ কপি।


(মুহাম্মদ আলী)

আই ডি নংঃ ০২২৪৪২
সহকারী পরিচালক (প্রেষণে)
এইচ এস টি আই, খুলনা।
মোবাইলঃ ০১৭১২-৭৫৭৫০০

Email: mdali3009@gmail.com